

# জব এইড :

## প্রসবজনিত ফিস্টুলা নির্ণয়

মহিলা প্রস্রাব ঝরার সমস্যা নিয়ে প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে এসেছেন

অন্য কোন কারণে হওয়ার সম্ভাবনা বেশী, যেমন চাপজনিত কারণে প্রস্রাব ধরে রাখতে পারেনা

না

মহিলার কি সবসময় প্রস্রাব ঝরে?

হ্যাঁ

প্রসবজনিত ফিস্টুলার কারণে হওয়ার সম্ভাবনা বেশী

প্রসবজনিত ফিস্টুলার কারণে হওয়ার ক্ষীণ সম্ভাবনা; চাপজনিত কারণে প্রস্রাব ঝরার সম্ভাবনা বেশী

না

প্রস্রাব ঝরা কি প্রসবের পরপরই শুরু হয়েছে? তার কি বিলম্বিত প্রসব হয়েছিল / মৃত বাচ্চা প্রসব হয়েছে?

হ্যাঁ

প্রসবজনিত ফিস্টুলার কারণে হওয়ার সম্ভাবনা বেশী

প্রসবজনিত ফিস্টুলার কারণে হওয়ার সম্ভাবনা বেশী

না

সুপরা পিউবিক অবস্থানে চাপ দিলে কি মূত্রনালী দিয়ে প্রস্রাব বের হয়?

হ্যাঁ

প্রসবজনিত ফিস্টুলার কারণে হওয়ার সম্ভাবনা ক্ষীণ

প্রসবজনিত ফিস্টুলার কারণে হওয়ার ক্ষীণ সম্ভাবনা

না

স্পেকুলাম দিয়ে সাবধানে পেলভিক পরীক্ষা করতে হবে : যোনী পথের দেয়ালের ভিতরে কি কোন ছিদ্র দেখা যায়? অনুভব করুনঃ আঙ্গুল দ্বারা কি কোন ছিদ্র অনুভব করা যায়?

হ্যাঁ

প্রসবজনিত ফিস্টুলা নির্ণয়

যদি প্রস্রাব ঝরতে থাকে তাহলে রোগীকে অজ্ঞান করে পরীক্ষা করার জন্য রেফার করতে হবে

না

ফলিস ক্যাথেটারের মাধ্যমে মিথাইল ব্লু দ্রবণ মূত্রথলিতে দিন – যোনীপথে রাখা তুলা কি রঙিন হয়েছে?

হ্যাঁ

প্রসবজনিত ফিস্টুলা নির্ণয়

প্রসবজনিত ফিস্টুলার সম্ভাবনা যা অপারেশনের প্রয়োজন রয়েছে

না

গ্রহীতার কি ৪ সপ্তাহের মধ্যে প্রসব হয়েছে?

হ্যাঁ

এটি একটি প্রসবজনিত ফিস্টুলা যা কদাচিৎ অপারেশন ছাড়া ভালো হয়- যত্ন সহকারে মরা টিস্যুগুলো পরিষ্কার করতে হবে- কুসুম গরম পানীর মধ্যে বসে পেরিনিয়ামের যত্ন নিতে হবে, ফলিস ক্যাথেটার X ৪ সপ্তাহ রাখতে হবে এবং প্রতি সপ্তাহে পুনরায় পর্যবেক্ষণ করতে হবে, প্রতিদিন ৪ লিটার পানি খাওয়ার জন্য উৎসাহিত করতে হবে। ৪ সপ্তাহ পরেও যদি প্রস্রাব ঝরতে থাকে তবে অপারেশন করার পরামর্শ দিতে হবে।

যদি এর কোন প্রশ্নের উত্তর হ্যাঁ হয় তাহলে জটিল অপারেশনের জন্য অথবা অপারেশনের পূর্ব প্রস্তুতি নিতে হবে এবং পূর্ণবয়সের জন্য প্রস্তুতি নিতে হবে-প্রথমে ফিস্টুলা অপারেশনের জন্য রেফার করতে হবে যেখানে ফিস্টুলা অপারেশনের অভিজ্ঞ চিকিৎসক আছে

সবগুলো প্রশ্নের উত্তর না হলে সাধারণ প্রসবজনিত ফিস্টুলা অপারেশনের জন্য প্রস্তুতি নিতে হবে

না

ফিস্টুলার বর্ণনা দিন : একাধিক ফিস্টুলা কি দেখা যাচ্ছে? এটি কি আকারে ২ সে.মি. এর চেয়ে বড়? এটি কি মূত্রনালীর সাথে যুক্ত। যোনীপথে কি বড় কোন ক্ষত দেখা যাচ্ছে?

গ্রহীতার কি ফুট ড্রপ বা উরুতে সংকোচন ও আছে?

হ্যাঁ

যোনীপথে কি পায়খানাও দেখা যায় অথবা মহিলা কি বলছেন যে তিনি পায়ুপথে স্বাভাবিকভাবে পায়খানা করতে পারেন না

প্রসবজনিত ফিস্টুলা অপারেশনের জন্য প্রস্তুতি:

পুষ্টি:

উচ্চমাত্রার আমিষ, আয়রন/ ফলিক এসিড

ল্যাব পরীক্ষা:

রক্ত পরীক্ষা এবং হিমোগ্লোবিন, মূত্র পরীক্ষা, প্যারাসাইটের জন্য পায়খানা পরীক্ষা

চিকিৎসা:

সংক্রমণের চিকিৎসা, প্রয়োজন হলে

স্বাস্থ্য এবং পরিষ্কার পরিচ্ছন্নতা:

পেরিনিয়ামের যত্ন প্রতিদিন ২ বার, প্রতিদিন কমপক্ষে ৪ লিটার পানি খাওয়ার জন্য উৎসাহ দিতে হবে, পরিবার পরিকল্পনার প্রয়োজনীয়তা আলোচনা করতে

কাউন্সেলিং:

অপারেশনের পরে কমপক্ষে ২ সপ্তাহ ক্যাথেটার রাখতে হবে, পরিবার পরিকল্পনা, এইচআইভি এবং পরিষ্কার পরিচ্ছন্নতার বিষয়ে কাউন্সেলিং। রোগীকে অবহিত করতে হবে যেন অপারেশনের পরে ৩ মাস সহবাস থেকে বিরত থাকেন এবং অপারেশনের পরেও কিছু মহিলার প্রস্রাব ঝরতে পারে। শুরু থেকেই প্রসব -পূর্ব সেবা, দক্ষ ধাত্রীর উপস্থিতি এবং প্রয়োজন হলে সিজারিয়ান অপারেশনের মাধ্যমে পরবর্তী বাচ্চা প্রসবের প্রয়োজনীয়তার উপর জোর দিতে হবে।

আদ-দীন হাসপাতাল ২ মগবাজার, ঢাকা

আদ-দীন হাসপাতাল রেইল রোড, যশোর

কুমুদিনী হাসপাতাল মির্জাপুর, টাঙ্গাইল

ল্যাম্ব হাসপাতাল পার্বতীপুর, দিনাজপুর